

মুগ্ধত্ব

শিক্ষার্থীকে ছাত্রলীগের মারধর

বাকুবিতে বহিরাগতদের হামলা

বাকুবি প্রতিনিধি

১ ২৩ ফেব্রুয়ারি ২০২৩, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) এক শিক্ষার্থী ও বহিরাগতকে মারধরের ঘটনায় বিশ্ববিদ্যালয়ে হামলা চালিয়েছে বহিরাগতরা। বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের জব্বারের মোড়ে এ ঘটনা ঘটে। ঘটনার পর ক্লাস পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছে শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, মঙ্গলবার মধ্যরাতে ছাত্রদলের কর্মীরা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে কেন্দ্রীয় ছাত্রদলের পোস্টার স্থাপন করে। বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের জব্বারের মোড়ে সেই পোস্টারগুলো দেখছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী শোয়েব ও সাজ্জাদ নামে এক বহিরাগত। এ সময় ছাত্রলীগের কর্মীরা শোয়েব ও বহিরাগত সাজ্জাদকে ছাত্রদলের কর্মী সন্দেহে মারধর করে। পরে আহত শিক্ষার্থী শোয়েবকে ময়মনসিংহ কোতোয়ালি থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়।

বিশ্বস্ত সূত্রে জানা যায়, সাজ্জাদ ময়মনসিংহের বয়ড়া ইউনিয়নের করিম ঠিকাদারের ছেলে। সাজ্জাদ ছাত্রদল করে বলেও জানা গেছে। এ বিষয়ে বাকুবি শাখা ছাত্রদলের আহ্বায়ক আতিকুর রহমান বলেন, বিশ্ববিদ্যালয়ের পোস্টারিংয়ে সঙ্গে আমাদের কোনো সম্পর্ক নেই। স্থানীয় ছাত্রদল পোস্টারিং করে থাকতে পারে। আমার কোনো কর্মী এ ঘটনার সঙ্গে জড়িত নয়। বাকুবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. মেহেদী হাসান বলেন, কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রদল, জামায়াত, শিবির কর্মীদের স্থান হবে না। বাকুবি শাখা ছাত্রলীগ তাদের কঠোরভাবে দমন করবে।

এ বিষয়ে ময়মনসিংহ কোতোয়ালি থানার সাব-ইন্সপেক্টর (তদন্ত) ফারুক হোসেন বলেন, আহত শোয়েব পুলিশ হেফাজতে আছে। ছাত্রদলের সঙ্গে শোয়েবের সংশ্লিষ্টতা আছে কি না তা তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। এ ঘটনায় ক্লাস পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছে শিক্ষার্থীরা। এ বিষয়ে ভেটেরিনারি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আউয়াল জানান, আজ সব পরীক্ষা স্থগিত করা হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. লুৎফুল হাসান বলেন, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে নিরাপত্তা

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023